

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১৯, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি-১ অধিশাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ৩০ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১৪ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৩.১৮-১৩৮—পুরুষ ও মহিলা বেসামরিক সরকারি কর্মচারীগণের মৃত্যুর পর তাদের পরিবারের পারিবারিক পেনশন প্রাপ্যতার বিষয়ে নারী-পুরুষের সুযোগের সমতা বিধানের লক্ষ্যে অর্থ বিভাগের ১৪-১০-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৩.১৫-৮১ নং প্রজ্ঞাপনে মৃত মহিলা বেসামরিক কর্মচারীর স্বামীর পারিবারিক পেনশন প্রাপ্যতা সংক্রান্ত (চ) নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো :

‘পারিবারিক পেনশনের ক্ষেত্রে একজন মৃত মহিলা বেসামরিক কর্মচারীর স্বামী পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ না হলে, বিধবা স্ত্রীর পারিবারিক পেনশন প্রাপ্যতার অনুরূপ হারে ও পদ্ধতিতে মৃত মহিলা বেসামরিক সরকারি কর্মচারীর বিপত্তীক স্বামী আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হবেন।’

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজরুল ইসলাম এনডিসি  
অতিরিক্ত সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৬২৯৯)

মূল্য : টাকা ৪.০০